**Publication:-** Ei Samay

**Date:-** 16th January 2020

**Page:-** 14

**India Economic Conclave 2020 organized by The Bengal Chamber at The Park on 15th January 2020**

# জিএসটি চালুতে তাড়াহুড়ো করা হয়েছে: লাহিড়ী

**এই সময়:** অগোছালো অবস্থায় পণ্য ও পরিষেবা কর তাড়াহুড়ো করে চালু করার জন্যই স্বল্প মেয়াদি ভিত্তিতে অর্থনীতিতে সঙ্কট তৈরি হয়েছিল বলে বুধবার মন্তব্য করেছেন পঞ্চদশ অর্থ কমিশনের সদস্য ও দেশের প্রাক্তন মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা অশোক লাহিড়ী। কলকাতায় বণিকসভা বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত এক অনুষ্ঠানে তিনি জানান ২০১৭ সালের জুলাইতে যখন জিএসটি চালু করা হয়, তখন জিএসটি নেটওয়ার্ক (জিএসটিএন) সম্পূর্ণ তৈরি হয়নি।

এ দিন ওই অনুষ্ঠানে অশোক লাহিড়ী বলেন, 'মধ্য থেকে দীর্ঘ মেয়াদি ভিত্তিতে জিএসটি গেম চেঞ্জিং সংস্কার হিসাবে প্রমাণিত হবে। কিন্তু, স্বল্প মেয়াদি ক্ষেত্রে জিএসটি প্রমাণ করেছে অগোছালো অবস্থায় চালু করার জন্য অর্থনীতিতে সঙ্কট সৃষ্টি হয়েছিল এবং রাজস্ব আদায়ও আশার থেকে অনেক কম হয়েছিল। সে সময়ে জিএসটিএন সম্পূর্ণ তৈরি না হওয়া অবস্থায় জিএসটি চালু করা হয়।' অশোক লাহিড়ীর এই মন্তব্য যথেষ্ট তাৎপর্যপূর্ণ কারণ রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র গত দু'বছর ধরেই এ ধরনের বিষয়গুলি বারে বারে উত্থাপন করেছেন।

অর্থ কমিশনের সদস্য জানান, ২০১৭ সালে জিএসটি চালু হওয়ার ছয় সপ্তাহ আগে করের হার নিয়ে কোনও সিদ্ধান্ত হয়নি এবং সিজিএসটি, এসজিএসটি ও আইজিএসটি কার্যকর করার জন্য নির্দিষ্ট বিধিও তৈরি ছিল না। সম্পূর্ণ প্রস্তুতি ছাড়াই জিএসটি চালু করার সমালোচনা করার পাশাপাশি তিনি রাজ্যগুলির জন্য ক্ষতিপূরণ প্যাকেজ নির্ধারণ করার বিরুদ্ধেও এ দিন মুখ খুলেছেন।

তাঁর বক্তব্য, 'জিএসটি চালু নিয়ে যখন প্রবল অনিশ্চয়তা, তখন নয়া কর ব্যবস্থা চালু করার আড়াই মাস আগে দর কষাকষির অঙ্গ হিসাবে জিএসটি ক্ষতিপূরণ আইন ২০১৭ তৈরি হয়ে গেল। জিএসটি চালু হওয়ার পর যদি রাজ্যগুলির রাজস্ব আদায় কমে যায়, সে ক্ষেত্রে ওই আইনে রাজ্যগুলিকে পাঁচ বছর ক্ষতিপূরণ দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হল।'

তবে তাঁর মতে, জিএসটি চালু যদি পিছিয়ে যেত, তাতেও পরিস্থিতির খুব একটা কিছু উন্নতি হত না।

## বাজার দর

| | | |
|---|---|---|
| মার্কিন ডলার | ৭০.৮২ | ▼ ০৫ |
| ইউরো | ৭৮.৯২ | ▲ ১৯ |
| ইয়েন (প্রতি ১০০) | ৬৪.৩৮ | ▲ ০১ |
| ব্রিটিশ পাউন্ড | ৯২.১৯ | ▲ ১৩ |
| সেনসেক্স | ৪১,৮৭২.৭৩ | ▼ ৭৯.৯০ |
| নিফটি | ১২,৩৪৩.৩০ | ▼ ১৯.০০ |

106 d, block-f
new alipore
kolkata 700 053
india

W +91 33 2445 2766
info@greymatterpr.com
www.greymatterpr.com